



হুতিদের হামলার মধ্যে সৌদির পাশে থাকার ঘোষণা যুক্তরাষ্ট্রের



মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। ছবি: সংগৃহীত

সৌদি আরবের সঙ্গে করা প্রতিরক্ষা চুক্তির প্রতিশ্রুতি যুক্তরাষ্ট্র রক্ষা করবে বলে জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। বুধবার (২৪ সেপ্টেম্বর) আঞ্চলিক উদ্ভেজনার মধ্যে তিনি এ কথা বলেন। খবর আরব নিউজের।

রুবিও বলেন, সৌদি আরব যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ কৌশলগত প্রতিরক্ষা অংশীদার। দেশটির সঙ্গে ওয়াশিংটনের শক্তিশালী প্রতিরক্ষা চুক্তি রয়েছে এবং সেই চুক্তির প্রতিশ্রুতি যুক্তরাষ্ট্র পালন করবে। সৌদি আরবে সাম্প্রতিক হামলাগুলোও ওয়াশিংটন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে বলে জানান তিনি।

সৌদির বিরুদ্ধে হুতিদের আরও হামলা হলে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কী ধরনের সামরিক পদক্ষেপ নেবেন, সে বিষয়ে বিস্তারিত বলতে রাজি হননি রুবিও। তবে তার হাতে একাধিক বিকল্প রয়েছে বলে জানান তিনি।

২০২৫ সালের নভেম্বরে সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের ওয়াশিংটন সফরের সময় দুই দেশের মধ্যে কৌশলগত প্রতিরক্ষা চুক্তি হয়। এর মাধ্যমে দীর্ঘদিনের সামরিক সহযোগিতা আরও বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়। তখন হোয়াইট হাউস বলেছিল, চুক্তিটির লক্ষ্য মধ্যপ্রাচ্যে প্রতিরোধক্ষমতা বাড়ানো এবং যুক্তরাষ্ট্র-সৌদি সামরিক সহযোগিতা গভীর করা। একই সফরে ট্রাম্প সৌদি আরবকে প্রধান নন-ন্যাটো মিত্র হিসেবে ঘোষণা করেন।

সাম্প্রতিক হামলার পর সাময়িকভাবে বন্ধ থাকা সৌদির একটি তেল পাইপলাইন আবার চালু হওয়ায় স্বস্তি প্রকাশ করেন রুবিও। তিনি বলেন, পাইপলাইনটি সৌদি অর্থনীতি ও আন্তর্জাতিক বাণিজ্যের জন্য গুরুত্বপূর্ণ।

এদিকে ইরানের বিরুদ্ধে অভিযোগ তুলে রুবিও বলেন, দেশটি মধ্যপ্রাচ্যের কয়েকটি সংগঠনকে সমর্থন করছে, যারা জালালি অবকাঠামো ও বেসামরিক মানুষের ওপর হামলা চালাচ্ছে। ইরানের সমর্থন পাওয়া ইরাকি শিয়া মিলিশিয়ারা সাম্প্রতিক জালালি অবকাঠামোয় হামলার সঙ্গে জড়িত থাকতে পারে বলেও মন্তব্য করেন তিনি।